গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১৯১-আইন/২০২৫/১৩/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এবং কলাম (2) এ উল্লিখিত H. S. Code এর অধীন যন্ত্রপাতি বা যন্ত্রাংশের বা উভয়ের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ১ (এক) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে), হইতে, নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

| Heading | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 39.23 | 3923.29.10; 3923.40.10 |
| 40.10 | 4010.35.00; 4010.36.00 |
| 42.05 | 4205.00.10 |
| 42.06 | 4206.00.10 |
| 44.21 | 4421.99.20 |
| 56.08 | 5608.11.10 |
| 59.11 | 5911.10.90; 5911.20.00; 5911.31.00; 5911.32.00; 5911.40.00; 5911.90.00 |
| 69.01 | 6901.00.10 |
| 69.02 | 6902.10.00; 6902.20.00 |
| 69.03 | 6903.10.10; 6903.20.10; 6903.20.20; 6903.90.20 |
| 69.09 | 6909.11.00; 6909.12.00 |
| 70.19 | 7019.90.11 |
| 73.11 | 7311.00.10; 7311.00.90 |
| 73.14 | 7314.12.00; 7314.14.00 |
| 74.15 | 7415.21.00 |
| 74.19 | 7419.80.10 |
| 75.08 | 7508.90.10 |
| 76.13 | 7613.00.00 |
| 78.06 | 7806.00.10 |
| 79.07 | 7907.00.10 |

| | |
|---|---|
| 80.07 | 8007.00.20 |
| 82.03 | 8203.30.00; 8203.40.00 |
| 82.05 | 8205.10.00 |
| 82.07 | All H. S. Codes |
| 82.08 | All H. S. Codes |
| 82.09 | 8209.00.00 |
| 84.01 | All H. S. Codes |
| 84.02 | All H. S. Codes |
| 84.03 | All H. S. Codes |
| 84.04 | All H. S. Codes |
| 84.05 | All H. S. Codes |
| 84.06 | All H. S. Codes |
| 84.07 | 8407.29.00; 8407.90.10 |
| 84.08 | 8408.10.00; 8408.90.10; 8408.90.20 |
| 84.09 | 8409.91.10; 8409.99.10 |
| 84.10 | All H. S. Codes |
| 84.11 | All H. S. Codes |
| 84.12 | 8412.10.90; 8412.21.00; 8412.29.00; 8412.31.00; 8412.39.00; 8412.80.00; 8412.90.90 |
| 84.13 | 8413.11.00; 8413.19.00; 8413.40.00; 8413.50.00; 8413.60.00; 8413.70.00; 8413.81.00; 8413.82.00; 8413.91.00 |
| 84.14 | 8414.10.00; 8414.30.10; 8414.40.00; 8414.59.10; 8414.59.20; 8414.80.10; 8414.80.20; 8414.80.41 |
| 84.15 | 8415.10.10; 8415.20.10; 8415.81.10; 8415.81.20; 8415.82.10; 8415.82.20; 8415.83.10; 8415.83.30 |
| 84.16 | All H. S. Codes |
| 84.17 | All H. S. Codes |
| 84.18 | 8418.61.10; 8418.69.10; 8418.69.93; 8418.69.95 |
| 84.19 | 8419.20.00; 8419.33.00; 8419.34.00; 8419.35.00; 8419.39.00; 8419.40.20; 8419.40.90; 8419.50.00; 8419.60.00; 8419.81.00; 8419.89.00; 8419.90.00 |
| 84.20 | All H. S. Codes |
| 84.21 | 8421.11.00; 8421.12.00; 8421.19.10; 8421.21.10; 8421.21.92; 8421.21.93; 8421.29.40; 8421.39.20; 8421.91.00; 8421.99.90 |
| 84.22 | 8422.19.00; 8422.20.00; 8422.30.00; 8422.40.00; 8422.90.00 |
| 84.23 | 8423.20.00; 8423.30.00; 8423.82.10; 8423.89.00; 8423.90.00 |
| 84.24 | 8424.10.00, 8424.20.10; 8424.20.30; 8424.30.00; 8424.41.10; 8424.41.90; 8424.49.00; 8424.82.00; 8424.89.00; 8424.90.00 |
| 84.25 | 8425.11.00; 8425.19.00; 8425.31.00; 8425.41.00 |
| 84.26 | 8426.11.00; 8426.12.00; 8426.19.00; 8426.20.00; 8426.30.00; 8426.41.90; 8426.49.00; 8426.91.00; 8426.99.00 |
| 84.27 | 8427.10.00; 8427.20.00 |
| 84.28 | 8428.20.00; 8428.31.00; 8428.32.00; 8428.33.00; 8428.39.00; 8428.60.00; 8428.70.00; 8428.90.00 |
| 84.29 | All H. S. Codes |
| 84.30 | All H. S. Codes |

| | |
|---|---|
| 84.32 | All H. S. Codes |
| 84.33 | 8433.20.00; 8433.30.00; 8433.40.00; 8433.51.00; 8433.52.00; 8433.53.00; 8433.59.10; 8433.59.90; 8433.60.00; 8433.90.00 |
| 84.34 | All H. S. Codes |
| 84.35 | All H. S. Codes |
| 84.36 | All H. S. Codes |
| 84.37 | 8437.10.00; 8437.80.90; 8437.90.90 |
| 84.38 | All H. S. Codes |
| 84.39 | All H. S. Codes |
| 84.40 | All H. S. Codes |
| 84.41 | All H. S. Codes |
| 84.42 | 8442.30.00; 8442.40.00; 8442.50.90 |
| 84.43 | 8443.11.00; 8443.12.00; 8443.13.00; 8443.14.00; 8443.15.00; 8443.16.00; 8443.17.00; 8443.19.00; 8443.32.90; 8443.39.10; 8443.39.99; 8443.91.00 |
| 84.44 | 8444.00.00 |
| 84.45 | All H. S. Codes |
| 84.46 | All H. S. Codes |
| 84.47 | All H. S. Codes |
| 84.48 | All H.S. Codes (Excluding H.S. Code 8448.20.10; 8448.42.10) |
| 84.49 | 8449.00.00 |
| 84.50 | 8450.20.90; 8450.90.00 |
| 84.51 | All H.S. Codes (Excluding H.S. Code 8451.21.00) |
| 84.52 | 8452.21.00; 8452.29.90; 8452.30.00; 8452.90.90 |
| 84.53 | All H. S. Codes |
| 84.54 | All H. S. Codes |
| 84.55 | All H. S. Codes |
| 84.56 | All H. S. Codes |
| 84.57 | All H. S. Codes |
| 84.58 | All H. S. Codes |
| 84.59 | All H. S. Codes |
| 84.60 | All H. S. Codes |
| 84.61 | All H. S. Codes |
| 84.62 | All H. S. Codes |
| 84.63 | All H. S. Codes |
| 84.64 | All H. S. Codes |
| 84.65 | All H. S. Codes |
| 84.66 | All H.S. Codes |
| 84.67 | 8467.21.00; 8467.22.00; 8467.29.00; 8467.89.00; 8467.91.00; 8467.99.00 |
| 84.68 | All H. S. Codes |
| 84.74 | All H. S. Codes |
| 84.75 | All H. S. Codes |
| 84.77 | All H. S. Codes |
| 84.79 | All H. S. Codes (Excluding H.S. Code 8479.60.00) |

| | |
|---|---|
| 84.80 | All H. S. Codes |
| 84.81 | 8481.10.90; 8481.20.90; 8481.30.90; 8481.40.90; 8481.90.90 |
| 84.83 | 8483.20.00; 8483.30.00; 8483.40.00; 8483.50.00; 8483.60.00; 8483.90.00 |
| 84.84 | All H. S. Codes |
| 84.86 | 8486.10.00; 8486.20.00; 8486.30.00; 8486.90.00 |
| 85.01 | All H.S. Codes (Excluding 8501.10.10; 8501.10.90; 8501.20.10; 8501.20.91; 8501.20.99; 8501.31.00; 8501.40.10; 8501.51.00) |
| 85.02 | All H. S. Codes |
| 85.03 | 8503.00.10; 8503.00.20; 8503.00.99 |
| 85.04 | 8504.23.10; 8504.50.00 |
| 85.05 | All H. S. Codes |
| 85.14 | All H. S. Codes |
| 85.15 | All H. S. Codes |
| 85.16 | 8516.40.10 |
| 85.25 | 8525.50.10; 8525.60.10 |
| 85.26 | All H. S. Codes (Excluding H.S. Code 8526.91.10) |
| 85.30 | 8530.80.00 |
| 85.31 | 8531.10.00 |
| 85.37 | 8537.10.10 |
| 85.41 | 8541.42.00; 8541.43.00 |
| 85.43 | 8543.10.00; 8543.20.00; 8543.30.00; 8543.70.20 |
| 87.01 | 8701.91.10; 8701.92.10; 8701.93.10; 8701.94.10; 8701.95.10 |
| 87.04 | 8704.10.00; 8704.22.13; 8704.22.15; 8704.90.11 |
| 87.16 | 8716.20.00; 8716.31.00; 8716.39.00 |
| 89.02 | 8902.00.00 |
| 90.07 | 9007.10.90; 9007.20.90 |
| 90.08 | All H. S. Codes |
| 90.10 | All H. S. Codes |
| 90.11 | All H. S. Codes |
| 90.12 | All H. S. Codes |
| 90.14 | All H. S. Codes |
| 90.15 | All H. S. Codes |
| 90.18 | 9018.11.00; 9018.12.00; 9018.13.00; 9018.14.00; 9018.19.90; 9018.20.00; 9018.41.00; 9018.49.00; 9018.50.00; 9018.90.20 |
| 90.20 | 9020.00.00 |
| 90.21 | 9021.39.00; 9021.40.00; 9021.50.00; 9021.90.10; 9021.90.90 |
| 90.22 | All H. S. Codes |
| 90.24 | All H. S. Codes |
| 90.25 | 9025.90.00 |
| 90.26 | All H. S. Codes |
| 90.27 | All H. S. Codes |
| 90.28 | 9028.10.00; 9028.20.00 |
| 90.29 | 9029.10.90 |
| 90.30 | All H. S. Codes |

| | |
|---|---|
| 90.31 | All H. S. Codes |
| 90.32 | 9032.10.00; 9032.20.00; 9032.81.00; 9032.90.00 |
| 91.06 | 9106.10.00 |
| 94.03 | 9403.20.30; 9403.60.20 |

**শর্তাবলি**

(১) যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়ের আমদানির ক্ষেত্রে রেয়াতি সুবিধা Industrial IRC holder VAT compliant শিল্প প্রতিষ্ঠান ও VAT compliant আমদানিকারক উভয়ের জন্য প্রযোজ্য হইবে, তবে পৃথক চালানে কেবল যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুধু Industrial IRC holder VAT compliant শিল্প প্রতিষ্ঠানের জন্য উক্ত রেয়াতি সুবিধা প্রযোজ্য হইবে;

**ব্যাখ্যা।-**

(ক) Industrial IRC holder অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial consumer) আইআরসি রহিয়াছে;

(খ) VAT compliant শিল্প প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;

(গ) VAT compliant আমদানিকারক অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ আমদানিকারক প্রতিষ্ঠান;

(ঘ) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে “যন্ত্রাংশ” অর্থ নিম্নবর্ণিত পণ্যসমূহ, যথা:-

(অ) TABLE এ অন্তর্ভুক্ত Heading 39.23 হইতে Heading 82.09 এর বিপরীতে উল্লিখিত H.S. Code সমূহের পণ্য; এবং

(আ) TABLE এ অন্তর্ভুক্ত Heading 84.01 হইতে Heading 94.03 এবং উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত heading 94.04 হতে heading 94.06 এর বিপরীতে উল্লিখিত H.S. Code সমূহের

পণ্য (H.S. Code 8448.51.00 এবং 8503.00.20 ব্যতীত) কেবল যাহার বিপরীতে কাস্টমস আইন, ২০২৩ এর প্রথম তফসিলে Parts হিসাবে উল্লেখ রহিয়াছে;

(২) একই চালানে যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক যন্ত্রপাতির নীট (Net) ওজনের সর্বোচ্চ ১০ (দশ) শতাংশ পরিমাণ যন্ত্রাংশ আমদানি করা যাইবে;

(৩) (ক) শিল্পখাতের প্ল্যান্ট, মেশিনারি বা মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর এর বিশেষ রেয়াতি সুবিধা প্রদানের বিষয়ে এক বা একাধিক কাস্টমস স্টেশনের মাধ্যমে একই H.S. code এর আওতাভুক্ত প্ল্যান্ট, মেশিনারি, মূলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়, এক বা একাধিক ঋণপত্রের অধীন এক বা একাধিক উৎস দেশ হইতে এক বা একাধিক চালানে আমদানি করা যাইবে:

তবে শর্ত থাকে যে, একাধিক স্টেশনের মাধ্যমে এক বা একাধিক ঋণপত্রের অধীন এক বা একাধিক উৎস দেশ হইতে এক বা একাধিক চালানের মাধ্যমে আমদানির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত শিল্পখাতের প্ল্যান্ট, মেশিনারি বা মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক ও কর এর রেয়াতি সুবিধা সংক্রান্ত নীতিমালার আওতায়, প্রথম চালান খালাসের পূর্বে উল্লিখিত নীতিমালা অনুসরণপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড এর সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর নিকট হইতে পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে;

(খ) একই H.S. Code এর আওতাভুক্ত মূলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়, এক বা একাধিক ঋণপত্রের অধীন একাধিক চালানে আমদানির ক্ষেত্রে, প্রথম পণ্যচালান আমদানির বিল অব এন্ট্রি দাখিলের তারিখ হইতে ২৪ (চব্বিশ) মাসের মধ্যে সকল যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়ের আমদানি সম্পন্ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উন্নত প্রযুক্তির বৃহদায়তন শিল্পের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত ২৪ (চব্বিশ) মাস সময়ের মধ্যে আমদানি করিতে না পারিলে আমদানিকারক কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার, প্রয়োজনে, অনধিক ১২ (বারো) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, কমিশনার কর্তৃক বর্ধিত উক্ত ১২ (বারো) মাস সময়ের মধ্যেও আমদানি করিতে না পারিলে আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে পারিবে এবং উক্ত আবেদন পর্যালোচনায় যৌক্তিক মনে করিলে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), প্রয়োজনে, আরও অনধিক ১২ (বারো) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, উক্ত ১২ (বারো) মাস সময়ের মধ্যে আমদানি করিতে না পারিলে আমদানিকারক কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, প্রয়োজনে, যুক্তিসংগত পরিমাণ সময় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে;

(৪) আমদানিকৃত বা আমদানিতব্য মেশিনারি, প্ল্যান্ট, যন্ত্রপাতি, যন্ত্রাংশ বা অন্যান্য অংশ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান স্থাপনে ব্যবহার করা হইবে এবং খালাসের পর অন্যবিধ কাজে ব্যবহার, হস্তান্তর বা মালিকানা পরিবর্তন করা হইলে আমদানিকৃত পণ্যের উপর স্বাভাবিক ও প্রযোজ্য হারে শুল্ক ও কর প্রদান করিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক প্রতিষ্ঠান যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবরে একটি অঙ্গিকারনামা দাখিল করিবে;

(৫) সর্বশেষ পণ্যচালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত সমুদয় মেশিনারি প্ল্যান্ট, যন্ত্রপাতি, যন্ত্রাংশ বা অন্যান্য অংশ যথাযথভাবে যথাস্থানে স্থাপিত হইয়াছে কি না সেই বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক নিশ্চিত হওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস তদকর্তৃক নির্দিষ্টকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল বা, ক্ষেত্রমত, ইলেকট্রিক্যাল অথবা কেমিকৌশল বিভাগের বিশেষজ্ঞ মতামত সংগ্রহ করিবেন এবং এই সংক্রান্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট আমদানিকারককে বহন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সর্বশেষ পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে বর্ণিত বিশেষজ্ঞ মতামত দাখিল করা সম্ভব না হইলে আমদানিকারক কর্তৃক যৌক্তিক কারণ উল্লেখপূর্বক আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস, প্রয়োজনে, অনধিক ৬ (ছয়) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যেও বিশেষজ্ঞ মতামত দাখিল করিতে না পারিলে আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে পারিবে এবং উক্ত আবেদন পর্যালোচনায় যৌক্তিক মনে করিলে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), প্রয়োজনে, আরও অনধিক ১২ (বারো) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, উক্ত ১২ (বারো) মাস সময়ের মধ্যেও বিশেষজ্ঞ মতামত দাখিল করিতে না পারিলে আমদানিকারকের আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, প্রয়োজনে, যুক্তিসংগত পরিমাণ সময় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে;

(৬) আমদানিকৃত মেশিনারি প্ল্যান্ট, যন্ত্রপাতি, যন্ত্রাংশ বা অন্যান্য অংশের সর্বশেষ পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে যথাযথভাবে যথাস্থানে স্থাপিত হইয়াছে মর্মে বর্ণিত বিশেষজ্ঞ মতামত পাওয়া গেলে অঙ্গিকারনামা ফেরত প্রদান করা হইবে, অন্যথায় আমদানিকারকের নিকট হইতে প্রযোজ্য হারে শুল্ক ও কর আদায়যোগ্য হইবে;

(৭) Industrial IRC Holder VAT Compliant শিল্প প্রতিষ্ঠান কর্তৃক শিল্প খাতের রেয়াতি সুবিধা প্রদান সম্পর্কিত নীতিমালার আওতায় প্ল্যান্ট ও মেশিনারীর জন্য প্রদত্ত বিশেষ সুবিধা প্রদানের ক্ষেত্র ব্যতীত একক কাস্টমস স্টেশনের মাধ্যমে কেবল মূলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় আমদানির ক্ষেত্রে দফা (৪), (৫) ও (৬) এ উল্লিখিত শর্ত প্রযোজ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো ক্ষেত্রে কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন এর কমিশনার প্রয়োজন মনে করিলে প্রতি ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক দফা (৪), (৫) ও (৬) এ উল্লিখিত শর্ত প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন;

(৮) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক ভিন্ন ভিন্ন চালানে প্ল্যান্ট আকারে মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে এই প্রজ্ঞাপনে বর্ণিত রেয়াতি সুবিধার পার্থক্যজনিত শুল্ককরের সমপরিমাণ অর্থ নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে সাময়িক শুল্কায়নের সুবিধা প্রাপ্ত হইবে এবং দফা (৫) ও (৬) এ উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক চূড়ান্ত শুল্কায়ন সম্পন্ন হইবার পর উক্ত ব্যাংক গ্যারান্টি ফেরতযোগ্য হইবে;

(৯) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী করমেয়াদের মূল্য সংযোজন কর দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেটের ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে এবং VAT compliant উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান ও VAT compliant আমদানিকারক প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন;

(১০) দফা (৯) এ উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে, বাণিজ্যিক আমদানিকারক প্রতিষ্ঠান বিক্রয় বা হস্তান্তরের উদ্দেশ্যে এই প্রজ্ঞাপনের TABLE এ উল্লিখিত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে এবং এইরূপ আমদানির ক্ষেত্রে দফা (৪) এ উল্লিখিত শর্ত প্রযোজ্য হইবে না;

(১১) কোনো উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানে কাঁচামাল বা উপকরণ হিসাবে ব্যবহার্য এই প্রজ্ঞাপনের TABLE-ভুক্ত কোনো মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি সুবিধায় আমদানিযোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান কাঁচামাল বা উপকরণ হিসাবে ব্যবহৃত এই প্রজ্ঞাপনের টেবিলভুক্ত পণ্য আমদানি করিলে উক্ত আমদানিকারক উৎপাদনকারী হিসাবে গণ্য হইবে না, তবে বাণিজ্যিক আমদানিকারকের সমান রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে;

(১২) (ক) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সমূহ এবং দফা (৯) এ উল্লিখিত শর্ত পরিপালন করা হইয়াছে কি না উহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা যাচাই করিয়া নিশ্চিত হইবেন, তবে এই প্রকৃতির পণ্যচালানের অন্যূন ১০ (দশ) শতাংশ দৈবচয়ন ও ঝুঁকি ব্যবস্থাপনার ভিত্তিতে শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে;

(খ) শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা শুল্কায়নে বিলম্ব পরিহারের লক্ষ্যে কাস্টমস কম্পিউটার সিস্টেম বা ভ্যাট অনলাইন সিস্টেম বা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট বা ভ্যাট কমিশনারেটের ওয়েবসাইট হইতে সঠিকতা যাচাই করিবেন;

(১৩) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে দফা (১) ও (৯) এ উল্লিখিত শর্ত প্রযোজ্য হইবে না, যথা:-

(ক) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধা প্রাপ্ত ব্যক্তি ও সংস্থা, সরকারের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান, নিজস্ব ব্যবহারের জন্য ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানি চালান;

(খ) নূতন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নূতন শিল্প স্থাপনের উদ্দেশ্যে মূলধনী যন্ত্রপাতি ও প্রাথমিক যন্ত্রাংশের আমদানি চালান; এবং

(গ) এইরূপ প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই এবং যাহাদের জন্য VAT Compliant হিসাবে রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা নাই, তৎকর্তৃক বিক্রয় বা হস্তান্তরের জন্য নহে এইরূপ আমদানির ক্ষেত্রে।

২। ২৯ মে, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৬২-আইন/২০২৪/১৪/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব